

সিরাজদিখানে শিশু ধর্ষিত : শিক্ষক শ্রেফতার

সিরাজদিখান (মুন্সীগঞ্জ) প্রতিনিধি

সিরাজদিখানে শিশু শিক্ষার্থীকে ধর্ষণের অভিযোগে মাদ্রাসার এক শিক্ষককে পুলিশ শ্রেফতার করেছে। শ্রেফতারকৃত আবদুল হামিদ (২৬) উপজেলার ইজাপুরা ইউনিয়নের কুমুদপুর গ্রামের আজিজিয়া মুখসুদুল উলুন মাদ্রাসার শিক্ষক। মঙ্গলবার সকাল ৯টার দিকে ওই মাদ্রাসার একটি কক্ষে এ ঘটনা ঘটে। একই মাদ্রাসার প্রথম শ্রেণীর শিক্ষার্থী ধর্ষিত শিশুটিকে (৭) সিরাজদিখান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে মুন্সীগঞ্জ জেনারেল হাসপাতালে স্থানান্তর করেন। এদিকে, ধর্ষণের খবর পেয়ে এলাকাবাসী গতকাল সকাল ১০টার দিকে শিক্ষক আবদুল হামিদকে মারধর করে মসজিদের ভেতর তালা বেঁধে আটকে রাখে। পরে দুপুর ১টার দিকে সিরাজদিখান থানার পুলিশ মাদ্রাসায় গিয়ে শিক্ষককে আটক করে থানায় নিয়ে যায়। ধর্ষক শিক্ষক আবদুল হামিদ মুন্সীগঞ্জ সদর উপজেলার উত্তর কেওয়ার গ্রামের মৃত আহমদ মোম্বার ছেলে। সিরাজদিখান থানার ওসি ইয়ারদৌস হাসান জানান, অভিযুক্ত মাদ্রাসার শিক্ষককে শ্রেফতার করা হয়েছে। জরুরি পরীক্ষার জন্য আহত শিশুকে মুন্সীগঞ্জ হাসপাতালে পাঠানো হয়েছে। এ ব্যাপারে শিশুর মা বাদী হয়ে সিরাজদিখান থানায় মামলা করেছেন।